



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০১

ঋণ ও অগ্রিম বিভাগ

নং-৫৩.১৬.২৬৬৬.৯৯৯.১৬.০০২.২০১৮-১১০৫

তারিখ : ০৪.০৩.১৮

বরাবর
প্রবাসী কল্যাণ ব্যাংক
সকল শাখা

বিষয়ঃ বাংলাদেশ ব্যাংকে আমানত ও আগাম এর একাউন্ট ভিত্তিক তথ্য/ উপাত্ত ত্রৈমাসিকের এনবিএফআই-২ ও এনবিএফআই-৩ বিবরণী প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় পত্র নংঃ ডিএস, বিএস-২(৩)/২০১৭-১৫৯; তারিখঃ ১৭.০১.২০১৭ খ্রিঃ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত সংক্রান্তে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগ অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান (NBFI) সমূহ থেকে আমানত ও আগামের হিসাবভিত্তিক (Account-wise) তথ্য/ উপাত্ত সংগ্রহের উদ্যোগ গ্রহণ করেছে। বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক বিষয়োক্ত ২টি বিবরণী (এনবিএফআই-২ ও ৩) পূরণ করে আগামী ১০.০৪.২০১৮ তারিখের মধ্যে ঋণ ও অগ্রিম বিভাগের migration@gmail.com মেইল ঠিকানায় বিনা ব্যর্থতায় প্রেরণ করতে হবে, যাতে ১৫/০৪/২০১৮ তারিখের মধ্যে বিবরণীদ্বয় প্রধান কার্যালয়স্থ শাখা নিয়ন্ত্রণ ও উন্নয়ন বিভাগের bcd.pkb@gmail.com ঠিকানায় আপলোড করা সম্ভব হয়। এতদুদ্দেশ্যে এনবিএফআই-২ ও ৩ এর খালি নমুনা পূরণের নির্দেশিকা (বাংলায় অনূদিত) ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক বরাদ্দকৃত শাখা কোড নম্বরের তালিকা সংযুক্ত করা হলো। উল্লেখ্য যে, বিবরণী ২টি প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়স্থ ঋণ ও অগ্রিম বিভাগের মেইল ঠিকানায় সফটকপি এবং হার্ড কপি প্রেরণ অব্যাহত থাকবে (পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত)।

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক উল্লেখিত সময়সীমার মধ্যে কাংখিত শুদ্ধ বিবরণীদ্বয়ের সফট ও হার্ড কপি প্রধান কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো। যথাসময়ে বিবরণী প্রেরণের ব্যর্থতায় কোন বিব্রতকর পরিস্থিতি উদ্ভব হলে তার জন্য বাংলাদেশ ব্যাংক অর্থ দন্ড আরোপ করলে উক্ত অর্থ দন্ড আপনাকে ব্যক্তিগত ভাবে পরিশোধ করতে হবে এবং কর্তব্য অবহেলার দায়ে প্রবাসী কল্যাণ ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক প্রশাসনিক কার্যক্রমের আওতায় আনা হবে।

অতএব, বাংলাদেশ ব্যাংকের নিকট অত্র ব্যাংকের সুনাম ও ভাবমূর্তি অক্ষুণ্ন রাখার স্বার্থে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রধান কার্যালয়স্থ শাখা নিয়ন্ত্রণ ও উন্নয়ন বিভাগের পত্র নং ৪৯.০০৩.০৯৯৯.০২.০৪৫.২০১৮-১৫৩ তারিখ: ২৬/০২/২০১৮ মোতাবেক অত্র পত্র জারী করা হলো। এ বিষয়ে কোন সমস্যা/সহযোগিতার প্রয়োজন হলে শাখা নিয়ন্ত্রণ বিভাগের প্রিন্সিপাল এক্সিকিউটিভ অফিসার জনাব হাসনা হেনা এবং বিভাগীয় প্রধান জনাব মোঃ আব্দুল করিম সরকারের সাথে যোগাযোগ করা জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।


চৌধুরী গোলাম রহমান
বিভাগীয় প্রধান/এসপিও

অনুলিপিঃ

- ১.০ সকল বিভাগীয় প্রধান, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২.০ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩.০ উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪.০ মহাব্যবস্থাপক(প্রশাসন/পরিচালন) মহোদয়ের স্টাফ অফিসার, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫.০ জনাব হাসনা হেনা, পিইও (তদারকি অব্যাহত রাখার জন্য), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬.০ জনাব শরীফুল হক, এসইও (ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশের জন্য) প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭.০ অফিস কপি।